ভর্তি নির্দেশিকা

২০২২

দারুননাজাত সিদ্দীকিয়া কামিল মাদরাসা

সারুলিয়া, ডেমরা, ঢাকা। ফোন: ৭৫০০১৭১
E-mail : darunnazat1900@gmail.com
Web: www.dskm.ac.bd

এক নজরে মাদরাসা পরিচিতি

অবস্থান : ঢাকা মেট্রোপলিটন এলাকার ডেমরা থানাধীন ডি. এন. ডি. প্রজেক্টের ভিতরে সারুলিয়া বাজার ও ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের মধ্যবর্তী স্থানে শুকুরসী গোরস্থান সংলগ্ন প্রায় তিন একর জমির উপর নৈসর্গিক মনোরম পরিবেশে মাদরাসাটির অবস্থান।

প্রতিষ্ঠাকাল

ইবতেদায়ী (প্রাথমিক)	০১ জানুয়ারি ১৯৯০ ঈসায়ী
দাখিল (মাধ্যমিক)	০১ জানুয়ারি ১৯৯২ ঈসায়ী
আলিম (উচ্চ মাধ্যমিক)	০১ জুলাই ১৯৯৪ ঈসায়ী
ফাযিল (স্নাতক) পাস	০১ জুলাই ১৯৯৬ ঈসায়ী
ফাযিল (স্নাতক) অনার্স	০১ জুলাই ২০১০ ঈসায়ী
কামিল (স্নাতকোত্তর) হাদিস	০১ জুলাই ২০০৪ ঈসায়ী
কামিল (স্নাতকোত্তর) ফিকহ	০১ জুলাই ২০১৬ ঈসায়ী
কামিল (স্নাতকোত্তর) তাফসীর	০১ জুলাই ২০১৮ ঈসায়ী
কামিল (স্নাতকোত্তর) মাস্টার্স	০১ জুলাই ২০১৭ ঈসায়ী

লক্ষ্য ও উদ্দেশ্য

আধুনিক শিক্ষার সাথে সমন্বয় রেখে, আউলিয়া কেরামের অনুসৃত পথে কুরআন ও সুন্নাহর আদর্শ অনুসরণের মাধ্যমে আল্লাহভীরু, সৎ ও দক্ষ জনশক্তি গড়ে তোলাই দারুননাজাত সিদ্দীকিয়া কামিল মাদরাসার লক্ষ্য।

পাঠ্যক্রম

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় ও বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড অনুমোদিত সিলেবাসসহ আরবি ও ইংরেজি ভাষায় দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিশেষ গুরুত্ব দেয়া হয়। বিশুদ্ধ কুরআন তেলাওয়াতের জন্য তা'লীমুল কুরআন বিভাগের অধীনে নূরানী পদ্ধতিতে কুরআন শিক্ষার বিশেষ ব্যবস্থা রয়েছে। দাখিল ও আলিম শ্রেণিতে বিজ্ঞান ও সাধারণ বিভাগ, ফাযিল শ্রেণিতে পাস কোর্সসহ আল কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ ও আল হাদিস এন্ড ইসলামিক স্টাডিজ এ দুটো বিষয়ে অনার্স ও মাস্টার্স কোর্স এবং কামিল শ্রেণিতে হাদিস, তাফসীর ও ফিকহ বিভাগ চালু রয়েছে। ব্যবহারিক জীবনে ইসলামি অনুশাসন পালনের জন্যে সহজ ফিকহ ও সাধারণ জ্ঞানের পুস্তক নির্ধারিত পাঠ্য তালিকার অন্তর্ভুক্ত।

সহ-পাঠ্যক্রম

একাডেমিক কার্যক্রমের পাশাপাশি ছাত্রদের মেধা বিকাশের জন্য এখানে রয়েছে বহুমুখি কার্যক্রম। **সেগুলো হল**

- সাপ্তাহিক আলোচনা সভা
- বিতর্ক প্রতিযোগিতা
- ইংরেজি গ্রামার প্রতিযোগিতা
- বাংলা ব্যাকরণ প্রতিযোগিতা
- জীববিজ্ঞান কুইজ প্রতিযোগিতা
- খতমে বুখারি মাহফিল
- বিশেষ দুআর অনুষ্ঠান
- লেখক কর্মশালা
- বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা
- সাংস্কৃতিক প্রতিযোগিতা
- সাহিত্য মজলিস
- সাধারণ জ্ঞান প্রতিযোগিতা
- আরবি ব্যাকরণ প্রতিযোগিতা
- নামাযের মাসআলা-মাসায়েল কুইজ প্রতিযোগিতা
- কম্পিউটার বিজ্ঞান কুইজ প্রতিযোগিতা
- বিভিন্ন জাতীয় ও ধর্মীয় দিবস উপলক্ষে আলোচনা সভা
- বার্ষিক শিক্ষাসফর
- বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠান (রেনেসাঁ)
- সাপ্তাহিক তারবিয়াতি জলসা

শিক্ষাস্তর ও বিভাগ

হাফেজি, ইবতেদায়ি, হাফিজে কুরআনদের জন্য তাখসিসি জামায়াত, দাখিল (সাধারণ ও বিজ্ঞান), আলিম (সাধারণ ও বিজ্ঞান), ফাযিল বি.এ.(পাস কোর্স), ফাযিল বি.এ. অনার্স ইন আল কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ ও আল হাদিস এন্ড ইসলামিক স্টাডিজ (৪ বছর মেয়াদী),কামিল এম.এ (হাদিস), কামিল এম.এ. (ফিকহ), কামিল এম.এ. (তাফসীর), (২ বছর মেয়াদী) কামিল মাস্টার্স (আল কুরআন), কামিল মাস্টার্স (আল হাদিস) (১ বছর মেয়াদী)

শাখা প্রতিষ্ঠান

০১. দারুননাজাত মহিলা মাদরাসা
০২. নেছারিয়া হেফজখানা
০৩. ছালেহিয়া এতিমখানা
০৪. তাখসীসী শাখা

মহিলা শাখা

শিক্ষিত মায়েরাই পারে আদর্শ জাতি উপহার দিতে। তাই ছাত্রীদেরকে ধর্মীয় মূল্যবোধসম্পন্ন আদর্শ নাগরিক হিসেবে গড়ে তোলার লক্ষ্যে এই মাদরাসার রয়েছে একটি মহিলা শাখা। যা বর্তমানে ফাযিল জামায়াত পর্যন্ত স্বতন্ত্র ক্যাম্পাসে পূর্ণ পর্দার সাথে সম্পূর্ণ মহিলা শিক্ষিকা দ্বারা পরিচালিত।

নেছারিয়া হেফজখানা

মহান আল্লাহর বাণী মহাগ্রন্থ আল কুরআন বিশুদ্ধভাবে হিফজ করার জন্যে মাদরাসা ক্যাম্পাসে দারুননাজাত নেছারিয়া হিফজখানা চালু রয়েছে।

তাখসীসী শাখা

হাফেয ছাত্রদেরকে শর্টকোর্সের মাধ্যমে অল্পদিনে জে.ডি.সি.পরীক্ষার উপযোগী করে গড়ে তোলার লক্ষ্যে এ মাদরাসায় চালু রয়েছে 'প্রাক তাখসীসি জামায়াত' নামে একটি বিশেষ ক্লাস। এ ছাড়াও সুদক্ষ শিক্ষকদের বিশেষ তত্ত্বাবধানে ছাত্রদেরকে আমলদার, আখলাকী এবং আরবি কিতাবাদিতে যোগ্য ও মুহাক্কিক আলিম তৈরির জন্যে রয়েছে তাখসীসি সাদেস (৬ষ্ঠ) থেকে তাখসীসি কামিল পর্যন্ত বিশেষ শাখা। যা তাখসীসি শাখা নামে পরিচিত।

ছালেহিয়া এতিমখানা

পিতৃ-মাতৃহীন ও নিঃস্ব ছাত্রদের ভরণ-পোষণ ও জ্ঞানার্জনের সার্বিক ব্যবস্থার জন্যে অত্র ক্যাম্পাসে রয়েছে সালেহিয়া এতিমখানা।

জামে মসজিদ

ছাত্র-শিক্ষক ও এলাকাবাসীর জামায়াতে নামায আদায়ের নিমিত্তে মাদরাসা ক্যাম্পাসে মাদরাসার ব্যবস্থাপনায় রয়েছে সুদৃশ্য একটি জামে মসজিদ। পাঁচ সহস্রাধিক মুসল্লী এতে একত্রে নামায আদায় করতে পারে। এ পরিকল্পনায় অত্যাধুনিক ডিজাইনের পাঁচতলা বিশিষ্ট মসজিদটির ৫ম তলা পর্যন্ত নির্মাণ কাজ সম্পন্ন প্রায়। নামায আদায় ছাড়াও এ মসজিদে কুরআন শিক্ষা, ধর্মীয় আলোচনা সভা ও জিকির মাহফিলসহ বহুমুখি কার্যক্রম পরিচালিত হয়।

গ্রন্থাগার

অত্র মাদরাসার অন্যতম বড় আকর্ষণ এর মূল্যবান ও দুষ্প্রাপ্য পুস্তক ও ইন্টারনেট সুবিধাসহ ৪২ টি বিষয়ের প্রায় ১২ হাজার পুস্তক সমৃদ্ধ গ্রন্থাগার। ছাত্র ও শিক্ষকদের অধ্যয়ন ও গবেষণার জন্যে এ গ্রন্থাগারে সংরক্ষিত হয় বিভিন্ন দৈনিক, সাপ্তাহিক, মাসিক ও দেশি-বিদেশি বিভিন্ন ভাষার গবেষণামূলক জার্নাল।

বিজ্ঞানাগার

যুগের চাহিদা অনুযায়ী অত্র মাদরাসায় দাখিল ও আলিম শ্রেণিতে বিজ্ঞান বিভাগ চালু রয়েছে। বিজ্ঞান বিভাগের শিক্ষার্থী ও শিক্ষকদের জন্যে রয়েছে মানসম্মত একটি বিজ্ঞানাগার। আধুনিক যন্ত্রপাতি সম্বলিত এ বিজ্ঞানাগারে বিজ্ঞান বিভাগের ছাত্র ও শিক্ষকবৃন্দ গবেষণা করে থাকেন।

কম্পিউটার ল্যাব

অত্র মাদরাসায় কম্পিউটার বিভাগ চালু রয়েছে। যুগের চাহিদা অনুযায়ী এ মাদরাসায় রয়েছে মানসম্মত একটি কম্পিউটার ল্যাব।

প্রকাশনা বিভাগ

লেখা লেখির মাধ্যমে ছাত্রদের সুপ্ত প্রতিভা বিকাশে এ মাদরাসার রয়েছে একটি শক্তিশালী প্রকাশনা বিভাগ। এর অধীনে নিয়মিত প্রকাশিত হচ্ছে-

০১. মাসিক বিকাশ (নিয়মিত)
০২. صوت النجاة (ত্রৈমাসিক অরবী পত্রিকা)
০৩. বার্ষিকী
০৪. শিক্ষাসফর স্মারক
০৫. বার্ষিক কার্যক্রম
০৬. স্মৃতি স্মারক
০৭. একাডেমিক ক্যালেন্ডার
০৮. দেয়ালিকা (বাংলা, আরবী, ইংরেজি)
০৯. খতমে বুখারী স্মারক
১০. মাস্টার্স স্মারক
১১. অনার্স স্মারক
১২. খতমে মেশকাত স্মারক
১৩. দাখিল ও আলিম স্মৃতি স্মারক
১৪. ওরিয়েন্টেশন স্মারক ও বিষয়ভিত্তিক বিভিন্ন গ্রন্থ

শিক্ষক-কর্মচারী	: ১২৬ জন
ছাত্র সংখ্যা	: সাত হাজার পাঁচশত সাতানব্বই
একাডেমিক ভবন	: সুবিশাল পাঁচ তলা অত্যাধুনিক একাডেমিক ভবন।
ছাত্রাবাস ভবন	: ৩টি ছয়তলা ও ২টি পাঁচতলা ভবনসহ অন্যান্য মোট ১৩টি
বর্তমান সভাপতি	: জনাব মো: শহীদুল ইসলাম জেলা প্রশাসক, ঢাকা
বর্তমান অধ্যক্ষ	: আ.খ.ম. আবুবকর সিদ্দীক। বি. এ. অনার্স; এম.এ. (ঢাকা বিশ্ববিদ্যালয়); এম.এম. (১ম শ্রেণী) মোবাইল : ০১৭১২ ৮৯১৪৯৩

পরীক্ষা পদ্ধতি

সকল শ্রেণিতে সেমিস্টার পদ্ধতিতে পরীক্ষা গ্রহণ করা হয়। বছরে ২টি সেমিস্টার পরীক্ষা অনুষ্ঠিত হয়। প্রতি সেমিস্টারের পূর্বে ১টি করে মডেল পরীক্ষা গ্রহণ করা হয়। মডেল পরীক্ষার ৫০% নম্বর সেমিস্টার পরীক্ষার সাথে যোগ করে গড় নম্বরের ভিত্তিতে ফলাফল প্রকাশ করা হয়। পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন শেষে অভিভাবককে দেখানোর জন্যে ছাত্রদের কাছে ফেরত দেয়া হয়। ১ম ও ২য় সেমিস্টার পরীক্ষার ফলাফল প্রকাশের পর সকল উত্তরপত্র অভিভাবকের স্বাক্ষরসহ ফেরত দিতে হয়। নির্দিষ্ট বিষয় ছাড়াও প্রতিটি ছাত্রকে ১০০/৫০ নম্বরের সাধারণ জ্ঞান, ৫০ নম্বরের মৌখিক পরীক্ষা ও ৫০ নম্বরের আমলি পরীক্ষায় উত্তীর্ণ হতে হয়। কোর্সের সকল বিষয়ে উত্তীর্ণ হয়েও যদি কোন ছাত্র মৌখিক বা আমলি পরীক্ষায় অকৃতকার্য হয় তাহলে তাকে অকৃতকার্য হিসেবে গণ্য করা হয়। শেষ সেমিস্টারের প্রাপ্ত নম্বরের সাথে অন্য সেমিস্টারের প্রাপ্ত নম্বর যোগ করে গড় নম্বরে মেধাক্রম নির্ধারণ করা হয়। এবতেদায়ি সমাপনী থেকে কামিল পর্যন্ত গ্রেডিং পদ্ধতিতে ফলাফল নির্ধারণ করা হয়। প্রতি সেমিস্টারের ফলাফল প্রকাশের পর প্রোগ্রেস রিপোর্টের মাধ্যমে ফলাফল অভিভাবককে জানিয়ে দেয়া হয়।

ফলাফল

কেন্দ্রীয় পরীক্ষার ফলাফল অত্র প্রতিষ্ঠানের সূচনালগ্ন থেকেই সন্তোষজনক। নিম্নে সাম্প্রতিক কয়েক বছরের ফলাফলের বিবরণ প্রদান করা হল-

পরীক্ষা	মোট শিক্ষার্থী	উত্তীর্ণ	পাসের হার	A+/১ম
২০১৫ সাল				
ইবতেদায়ী সমাপনী	১৮৬	১৮৬	১০০%	১০০
জে.ডি.সি	২৯৮	২৯৮	১০০%	১৫৩
দাখিল	৩৬০	৩৬০	১০০%	৩০৬
আলিম	৩২৪	৩২৪	১০০%	১০৭
ফাযিল	১০৮	৯৪	৮৭.০৩%	২৬
কামিল	৬৪	৬৪	১০০%	৩৬
অনার্স	৭৯	৭৯	১০০%	৩৬
মাস্টার্স	৭৩	৬৮	৮৬.০৭%	৪৬
২০১৬ সাল				
ইবতেদায়ী সমাপনী	১৫৪	১৫১	৯৮.০৫%	১৩৩
জে.ডি.সি	৩৩০	৩৩০	১০০%	২২৩
দাখিল	২৭৩	২৭৩	১০০%	২০৬
আলিম	৩৭৭	৩৭৭	১০০%	১০৭
ফাযিল	১০৬	১০৪	৯৮.১১	৫২
অনার্স	৭২	৭২	১০০%	৩৬
মাস্টার্স	৬৮	৬৬	৯৭.০৩%	০৯
২০১৭ সাল				
ইবতেদায়ী সমাপনী	১৮৩	১৮৩	১০০%	২১
জে.ডি.সি	৪০২	৪০২	১০০%	১৩৪
দাখিল	৩৩২	৩২৭	৯৮.৪৯%	১৬২
আলিম	৫৭৩	৫৭০	৯৯.৪৭%	২৮৩
ফাযিল	১৯৪	১৯৪	১০০%	এ+ ৫০
কামিল	৬৫	৬৪	৯৮.৪৬%	৪৪
২০১৮ সাল				
ইবতেদায়ী সমাপনী	১৮৯	১৮৯	১০০%	৭৫
জে.ডি.সি	৪০৫	৪০৩	৯৯.৫৮%	৫৯
দাখিল	৪১১	৪০৮	৯৯.২৭%	২৮৮
আলিম	৪৭১	৪৬৫	৯৮.৭২%	১১৩
ফাযিল	১৩১	১২৯	৯৮.৪৭%	এ+ ৩, এ-৫০
কামিল	৮৮	৮৩	৯৭.৭১%	২৯
২০১৯ সাল				
ইবতেদায়ী সমাপনী	২২৮	২২০	৯৬.৪৯%	৯৬
জে.ডি.সি	৪০০	৩৯৮	৯৯.০৫%	৪৬
দাখিল	৫৩০	৫২৯	৯৯.৮১%	২৩৮
আলিম	৫৪৭	৫৪১	৯৮.৯০%	১৯৫
ফাযিল	১০৩	৯৫	৯২.২৩%	২৯
কামিল	১৩৩	১৩২	৯৯.২৪%	০৮
অনার্স	৭৫	৭৫	১০০%	৪৩
২০২০ সাল				
দাখিল	৫৪২	৫৩৩	৯৮.৩৩%	২৭৯
আলিম	৬২২	৬২২	১০০%	২৫১

ভর্তি তথ্যাবলি

শিক্ষাবর্ষ: ২০২২

সফফুল আতফাল (শিশু শ্রেণি) - আসসফফুত তাসে (নবম শ্রেণি)

ভর্তি ইচ্ছুক সকল শিক্ষার্থীকে জানানো যাচ্ছে যে, প্রতি বছরের ন্যায় ২০২২ শিক্ষাবর্ষে সফফুল আতফাল (শিশু শ্রেণি) থেকে আসসফফুত তাসে (নবম শ্রেণি) জামাআতে সীমিত সংখ্যক শিক্ষার্থী ভর্তি করা হবে।

ভর্তি সংক্রান্ত সকল কার্যক্রমে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।

০১. ভর্তি পরীক্ষার আবেদন ফরম বিতরণ, গ্রহণ এবং প্রবেশপত্র প্রদান :

২০০ টাকার বিনিময়ে মাদরাসা অফিস চলাকালীন আগামী ১৫/১১/২০২১ থেকে ১৫/১২/২০২১ তারিখের মধ্যে ভর্তির আবেদন ফরম সংগ্রহ করে যথানিয়মে পূরণ করে মাদরাসা অফিসে জমা দিয়ে প্রবেশপত্র গ্রহণ করতে হবে।

০২. পরীক্ষা গ্রহণ :

ক. লিখিত পরীক্ষা : ১৮/১২/২০২১ সকাল ৯.০০ ঘটিকা

খ. মৌখিক পরীক্ষা : ১৮/১২/২০২১ সকাল ১১.০০ ঘটিকা

০৩. ফলাফল প্রকাশ : বিকাল ৪.০০ ঘটিকা

০৪. ভর্তি : ১৮/১২/২০২১ থেকে ৩০/১২/২০২১ পর্যন্ত

০৫. ক্লাস শুরু : ০১/০১/২০২২

০৬. ভর্তি প্রক্রিয়া :

ক. ২০০ টাকার বিনিময়ে মাদরাসা অফিস চলাকালীন আগামী ০১/১২/২০২১ থেকে ১৬/১২/২০২১ তারিখের মধ্যে ভর্তির আবেদন ফরম সংগ্রহ করে যথানিয়মে পূরণ করে মাদরাসা অফিসে জমা দিতে হবে।

খ. ভর্তি পরীক্ষার আবেদন ফরমের সাথে সদ্যতোলা দুই কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি সংযুক্ত করতে হবে।

গ. ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হলে, নির্দিষ্ট তথ্য দিয়ে অনলাইন ফরম পূরণ করতে হবে।

ঘ. মাদরাসা অফিসে ভর্তি ফি জমা দিয়ে ভর্তি নিশ্চিত করতে হবে।

ঙ. অত্র প্রতিষ্ঠানের অষ্টম শ্রেণি থেকে উত্তীর্ণ শিক্ষার্থীরা বিজ্ঞান বিভাগে ভর্তি হতে চাইলে, তাদেরকেও ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

লিখিত পরীক্ষায় বিষয় ও মান বণ্টন

ক. আতফাল ও আউয়াল		খ. ছানী থেকে সামেন ও তাসে সাধারণ		গ. তাসে বিজ্ঞান	
০১. আরবি	১০	০১. আরবি	১০	০১. আরবি	০৫
০২. বাংলা	১০	০২. বাংলা	১০	০২. বাংলা	০৫
০৩. ইংরেজি	১০	০৩. গণিত	১০	০৩. গণিত	১০
০৪. গণিত	১০	০৪. ইংরেজি	১০	০৪. ইংরেজি	১০
মোট =	৪০	০৫. সাধারণ জ্ঞান	১০	০৫. বিজ্ঞান	১০
		মোট =	৫০	০৬. সাধারণ জ্ঞান	১০
				মোট =	৫০

বি: দ্র: তাখসীসি শাখা ও মহিলা শাখার ভর্তি পরীক্ষা স্ব-স্ব ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে এবং ভর্তি কার্যক্রমও সেখানে সম্পন্ন হবে।

বিভিন্ন জামাতের ভর্তি ফি

সফফুল আতফাল (শিশু শ্রেণি) থেকে আসসফফুস সাবে (সপ্তম শ্রেণি) পর্যন্ত	৪৩০০/- টাকা।
আসসফফুস সামেন (অষ্টম শ্রেণি) ও তাসে (নবম শ্রেণি) পর্যন্ত ভর্তি ফি-	৪৬০০/- টাকা।

ভর্তির সময় আবশ্যকীয় কাগজপত্রাদী

১. জন্ম নিবন্ধন সনদের ফটোকপি।
২. পিতা ও মাতার জাতীয় পরিচয় পত্রের ফটোকপি।
৩. পূর্ববর্তী শ্রেণির পাশের সনদ।
৪. ৩ কপি সদ্যতোলা পার্সপোর্ট সাইজের রঙ্গীন ছবি।

আবাসিক ব্যবস্থা

দারুননাজাত সিদ্দীকিয়া কামিল মাদরাসা মূলত একটি আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান। আবাসিক ছাত্রদের জন্য রয়েছে বেশ কয়েকটি হল-

- সৈয়দ আহমদ বেরলভী র. হল
- সূফী নূর মোহাম্মদ নিজামপুরী র. হল
- আল্লামা নিয়াজ মাখদূম খোতানী র. হল
- সূফী ফতেহ আলী ওয়েছি র. হল
- সালেহিয়া হল
- রিয়াজুল জান্নাত ছাত্রাবাস (১-১২)

প্রতিটি হল এক একটি এলাকা হিসেবে পরিচালিত। প্রতি এলাকা মাদরাসার দুজন শিক্ষক পরিচালকের সার্বিক তদারকিতে পরিচালিত। সব হল বা এলাকার সার্বিক পরিচালনার মূল দায়িত্ব পালন করেন স্বয়ং অধ্যক্ষ মহোদয়।

আবাসন প্রক্রিয়া

দারুননাজাত সিদ্দীকিয়া কামিল মাদরাসা মূলত একটি আবাসিক প্রতিষ্ঠান। আবাসনের ভিত্তিতেই এখানে ছাত্র ভর্তি করা হয়। তাই ভর্তির সাথে সাথেই সিট খালি থাকা সাপেক্ষে হোস্টেল অফিস থেকে আবাসিক ফরম সংগ্রহ করে যথাযথ নিয়মে পূরণ করত দুই কপি ছবিসহ অফিসে জমা দিতে হয়। একই সাথে নির্দিষ্ট হারে সিট ভাড়া ও খাবার চার্জ প্রদান করে হোস্টেলে সিট নিশ্চিত করতে হয়। প্রতি মাসের সিট ভাড়া ও খাবার চার্জ মাসের ৫ তারিখের মধ্যে পরিশোধ করতে হয়। উল্লেখ্য, বাজারদর হিসেবে খাবার চার্জ বিভিন্ন মাসে কম বেশি হয়ে থাকে। হোস্টেলে অবস্থানের জন্য চৌকি, টেবিল, প্রয়োজনীয় বিছানাপত্র ও প্লেট, গ্লাস ইত্যাদি নিজ দায়িত্বে সংগ্রহ করতে হয়।

আবাসিক শিক্ষার্থীদের দৈনিক খাবার তালিকা

বার	সকাল	দুপুর	রাত
শনিবার	খিচুড়ি	বড় মাছ	ভাজি
রবিবার	ডিম	মুরগী	ডাল ও মুরগী
সোমবার	আলুর ভর্তা	বড় মাছ	ডিম
মঙ্গলবার	ভুনা খিচুড়ি	গরুর গোস্ত	মুরগী ডাল
বুধবার	আলুর ভর্তা	মুরগী	মুরগী ডাল
বৃহস্পতিবার	ডিম	গোস্ত	সবজি
শুক্রবার	মুগডাল ও গরুর গোস্ত	তরকারি ও গোস্ত	ডিম

বিঃ দ্রঃ প্রতি বেলা সাদাভাত-তরকারীর সাথে মুশুরী ডাল থাকবে।

আবাসিক চার্জের বিবরণ

[খাবার, সিট ভাড়া ও বিদ্যুৎ]

ক্র. নং	অবস্থান	টাকার পরিমাণ	টাকা পরিশোধের শেষ তারিখ
০১	মূল ক্যাম্পাস	৩২০০	হিসাব শুরু হওয়ার ৫ তারিখের মধ্যে প্রতি মাসের টাকা পরিশোধ করতে হবে।
০২	রিয়াজুল জান্নাত- ২ জাদীদ	৪০০০	
০৩	রিয়াজুল জান্নাত- ৮		
০৪	রিয়াজুল জান্নাত- ১২		
০৫	রিয়াজুল জান্নাত- ২ কাদীম	৩৬০০	
০৬	রিয়াজুল জান্নাত- ৫		
বিঃ দ্রঃ বাজার মূল্যের সাথে টাকার পরিমাণ কম-বেশি হতে পারে।			

মাদ্‌রাসার বৈশিষ্ট্য

- দলীয় রাজনীতিমুক্ত পরিবেশ।
- মাদ্‌রাসা শিক্ষার সাথে আধুনিক শিক্ষার সমন্বয়।
- সুন্নাতে নববীর পূর্ণ অনুসরণ।
- সাপ্তাহিক আলোচনা সভা, বিতর্ক, সাধারণ জ্ঞান ও রচনা প্রতিযোগিতা ইত্যাদির মাধ্যমে শিক্ষার্থীদের প্রতিভার বিকাশ।
- মডেল পরীক্ষা ও সেমিস্টার পদ্ধতিতে পরীক্ষা গ্রহণ।
- আমলী ও মৌখিক পরীক্ষা ব্যবস্থা।
- ইসলামী শিষ্টাচার শিক্ষা ও বাস্তবে প্রয়োগ বাধ্যতামূলক।
- আরবী ও ইংরেজি ভাষা শিক্ষায় বিশেষ গুরুত্বারোপ।
- ইসলামী সংস্কৃতি অনুশীলনের মাধ্যমে চিত্ত বিনোদনের ব্যবস্থা।
- পরিকল্পিত ও যুগপযোগী ব্যবস্থাপনা।

ভর্তি সংক্রান্ত প্রয়োজনে

মাদরাসার (https://dskm.ac.bd) ওয়েব সাইটে ফরম ডাউনলোড থেকে ভর্তি নির্দেশিকা প্রিন্ট করা যাবে।

মূল শাখা : ০১৮১৬-১০১৪০০, ০১৭১২-৫৫৭৬২০,
০১৯১৪৩৮৭৯১৩, ০১৯১৬-৬০৪২২৫, ০১৭২৬৭৫৩৫২৬
তাখসীসি শাখা : ০১৯১৯৮৭২৮০৩, ০১৮১৮৬৮১৫৭৮
মহিলা শাখা : ০১৭১৭১৫১৪৬৪, ০১৭৭৯৫৬৯৫৭০